জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়, ঢাকা।
www.jb.com.bd

**রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**
ফোন: ৫৫১১০০৩৭

তারিখ: ০৭ ডিসেম্বর ২০২৫
২২অগ্রহায়ণ ১৪৩২

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১৩৭২/২৫

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়: ঋণ মঞ্জুরি ক্ষমতা বিধির ৯ম সংস্করণের ৭ম খন্ডের ১৫৪ পৃষ্ঠা হতে ১৫৫ পৃষ্ঠা পর্যন্ত ওভারসিজ ব্যাংকিং ডিপার্টমেন্ট সংশ্লিষ্ট কাউন্টার গ্যারান্টি সংক্রান্ত বিধানাবলী হালনাগাদকরণ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ১০৮৯/২০২১ তারিখ ২২/১১/২০২১-এর মাধ্যমে জারিকৃত ঋণ মঞ্জুরি ক্ষমতা বিধির ৯ম সংস্করণের ৭ম খন্ডের ১৫৪ পৃষ্ঠা হতে ১৫৫ পৃষ্ঠার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. পরিচালনা পর্ষদের ২৫/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত ৮৬৫তম সভার অনুমোদনক্রমে 'ঋণ মঞ্জুরি ক্ষমতা বিধির ৯ম সংস্করণের ৭ম খন্ডের ১৫৪ পৃষ্ঠা হতে ১৫৫ পৃষ্ঠা পর্যন্ত ওভারসিজ ব্যাংকিং ডিপার্টমেন্ট সংশ্লিষ্ট কাউন্টার গ্যারান্টি সংক্রান্ত বিধানাবলী' নিম্নরূপভাবে হালনাগাদ করা হলো:

| ক্রম | ঋণ/অগ্রিম ও অন্যান্য সুবিধার বিবরণ | এজিএম (কর্পোরেট-২ শাখা/এরিয়া অফিস) | ডিজিএম (কর্পোরেট-১ শাখা/ এরিয়া অফিস) | জিএম (বিভাগীয় কার্যালয়/ লোকাল অফিস/ জনতা ভবন কর্পো:) | ডিএমডি (ওবিডি) | এমডি |
|---|---|---|---|---|---|---|
| ১. | ব্যাক টু ব্যাক গ্যারান্টি (কাউন্টার গ্যারান্টি): বৈদেশিক মুদ্রায় অথবা তৎকালীন বিনিময় হার অনুযায়ী সমপরিমান দেশি মুদ্রায় নন-রেসিডেন্টের পক্ষে বাংলাদেশী বাসিন্দার অনুকূলে এবং ফরেন করেসপনডেন্টের কাউন্টার গ্যারান্টির বিপরীতে ইস্যুকৃত গ্যারান্টি। | দায়: ২০০ লক্ষ বাংলাদেশী টাকা সম বৈদেশিক মুদ্রা পর্যন্ত। মেয়াদ:১ বৎসর পর্যন্ত। | দায়: ৫০০ লক্ষ বাংলাদেশী টাকা সম বৈদেশিক মুদ্রা পর্যন্ত। মেয়াদ:২ বৎসর পর্যন্ত। | দায়: ৮০০ লক্ষ বাংলাদেশী টাকা সম বৈদেশিক মুদ্রা পর্যন্ত। মেয়াদ:৩ বৎসর পর্যন্ত। | দায়: ১২০০ লক্ষ বাংলাদেশী টাকা সম বৈদেশিক মুদ্রা পর্যন্ত। | সর্বোচ্চ সীমা (প্রয়োজন বোধে পর্ষদ অথবা বাংলাদেশ ব্যাংকের অনুমোদন সাপেক্ষে।) |
| | নোট:<br>১. ঋণ মঞ্জুরি ক্ষমতা, গ্যারান্টির মেয়াদ এবং ফরেন করেসপনডেন্টের দায়ের ভিত্তিতে প্রযোজ্য হবে।<br>২. কোনো একটি গ্যারান্টি ইস্যুর প্রাথমিক অনুমোদন যিনি প্রদান করবেন পরবর্তীতে যে কোন প্রকার সংশোধনী অথবা মেয়াদ বৃদ্ধির অনুমোদনের জন্য নথি তার নিকট উপস্থাপন করতে হবে।<br>৩. উল্লিখিত অনুমোদন ক্ষমতা প্রতিটি বৈদেশিক ব্যাংকের কাউন্টার গ্যারান্টির মোট দায় হিসেবে গণ্য হবে। | | | | | |
| ২. | ব্যাক টু ব্যাক গ্যারান্টি (কাউন্টার গ্যারান্টি) সংক্রান্ত লিগ্যাল ফি:<br>বৈদেশিক ব্যাক টু ব্যাক গ্যারান্টি সংক্রান্ত বিষয়ে প্যানেল তালিকা বহির্ভূত আন্তর্জাতিক আইনে অভিজ্ঞ আইনজীবী কর্তৃক প্রত্যেক আইনগত মতামতের জন্য ফি অনুমোদন। | - | - | ১০,০০০/- টাকা | ১৫,০০০/- টাকা | ২০,০০০/- ও তদূর্ধ্ব টাকা |

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সঞ্জয় কুমার সরদার
উপমহাব্যবস্থাপক

মোঃ হাফিজুর রহমান মোল্লা
মহাব্যবস্থাপক